

## প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ সিসিলির সংসদীয় প্রতিনিধি দলের

সিসিলির সংসদীয় প্রতিনিধির ১২ সদস্যের একটি দল আজ সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন স্পিকার মহামান্য প্যাট্রিক পিল্লাই এবং প্রতিনিধি দলে ছিলেন ব্যবসায়িক ক্ষেত্রে সরকারের তরফে প্রধান মহামান্য চার্লস ডি কর্মামন্ড।

উভয় দেশের আইন সভার মধ্যে বর্ধিত আদান প্রদানকে স্বাগত জানান প্রধানমন্ত্রী। ভারত মহাসাগরীয় এলাকা-সহ ভারত এবং সিসিলির মধ্যে মজবুত এবং স্পন্দনশীল সম্পর্কের ক্ষেত্রে তাঁদের ভূমিকার প্রশংসা করেন প্রধানমন্ত্রী। ২০১৫ সালের মার্চ মাসে তাঁর নিজের অত্যন্ত স্মরণীয় সিসিলি সফরের কথা পুনর্ব্যক্ত করেন প্রধানমন্ত্রী, যা দু'দেশের সম্পর্ককে আরও মজবুত করার ক্ষেত্রে সাহায্য করেছে।

প্রতিনিধি দলটি প্রধানমন্ত্রীকে তাঁদের উদ্দেশ্যের কথা জানান, যেখানে দু'দেশের মধ্যে সহযোগিতাকে আরও মজবুত করা এবং মানুষ-মানুষে আদান প্রদান বাড়ানোর কথা বলা হয়েছে।

লোকসভার স্পিকারের আমন্ত্রণে সিসিলির সংসদীয় প্রতিনিধি দলটি ভারতে একটি সরকারি সফর করছে।

নয়াদিল্লি

অগস্ট ১০, ২০১৭